# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

## কার্যালয় ঃ আলমপুর, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং ঃ সিশিবো/কঃশাঃ/২০১৯/৪৫ তারিখ ঃ ০৫/০২/২০১৯ খ্রিঃ

**বিষয় ঃ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের রেজিঃ কার্ড গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের (২০১৯ সালের এইচএসসি পরীক্ষার্থী) রেজিঃ কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা থেকে বিতরণ করা হবে। অধ্যক্ষ মহোদয় বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে নিম্নলিখিত তারিখ অনুযায়ী রেজিঃ কার্ড গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

| জেলার নাম | রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ |
|---|---|
| হবিগঞ্জ ও সুনামগঞ্জ | ১১-০২-২০১৯ খ্রিঃ |
| মৌলভীবাজার | ১২-০২-২০১৯ খ্রিঃ |
| সিলেট | ১৩-০২-২০১৯ খ্রিঃ |

শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা গেল।

১. অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করতঃ মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের সংশোধনের প্রয়োজন হলে কলেজ শাখা থেকে সরবরাহকৃত সংশোধনী ফরম পূরণপূর্বক আগামী ২৫-০২-২০১৯ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৩. ভর্তি বাতিলকৃত কোনো শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তা আগামী ২৫-০২-২০১৯ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। কোনো ভাবেই ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা যাবে না ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৮৪০০৮৬

প্রাপকঃ অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

অবগতির জন্য অনুলিপি ঃ

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।